# গ্লোবাল ইউনিভার্সিটি বাংলাদেশ,বরিশাল

মল্লিক টাওয়ার,শের-ই-বাংলা সড়ক

নথুল্লাবাদ, বরিশাল।

স্মারক নং. জিইউবি/এমআইএসসি/২০২৬/১২০৩ তারিখ: ১৮/০১/২০২৬

গ্লোবাল ইউনিভার্সিটি বাংলাদেশ,বরিশাল এর বিভিন্ন বিভাগে নিম্নবর্নিত পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্র.নং. | পদ ও বিভাগ | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১. | **প্রভাষক - ১০ (দশ) টি**<br>আইন বিভাগ - ০৪ টি<br>ব্যবসায় প্রশাসন বিভাগ - ০২ টি<br>ইংরেজি বিভাগ - ০২ টি<br>সিএসসি বিভাগ - ০১ টি<br>ইইই বিভাগ - ০১ টি<br>নিয়োগের ধরন: এডহক/চুক্তিভিত্তিক<br>বেতন: আলোচনা সাপেক্ষে | প্রার্থীর অবশ্যই সংশ্লিষ্ট বিষয়ে কোনো স্বীকৃত ও মান সম্পন্ন বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক সম্মান ও স্নাতকোত্তর / সমমান ডিগ্রি থাকতে হবে। প্রার্থীকে এস এস সি ও এইচ এস সি / সমমান পরীক্ষার ক্ষেত্রে প্রতিটি পরীক্ষায় স্বতন্ত্রভাবে ন্যূনতম জিপিএ ৪.৫০ এবং অনার্স ও মাস্টার্স-এর ক্ষেত্রে প্রতিটি পরীক্ষায় স্বতন্ত্রভাবে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ পেতে হবে। তবে বিশেষ যোগ্যতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি/ সমমান পরীক্ষার ক্ষেত্রে কোন একটিতে ন্যূনতম ৪.২৫ সহ মোট জিপিএ ৯ হতে হবে এবং অনার্স ও মাস্টার্স এর কোন একটিতে ন্যূনতম ৩.২৫ সহ মোট সিজিপিএ কমপক্ষে ৭ হতে হবে। |
| ০২. | **সহকারী অধ্যাপক - ০৭ (সাত) টি**<br>আইন বিভাগ - ০২ টি<br>ব্যবসায় প্রশাসন বিভাগ - ০১ টি<br>ইংরেজি বিভাগ - ০১ টি<br>সিএসসি বিভাগ - ০১ টি<br>ইইই বিভাগ - ০১ টি<br>লাইব্রেরি এন্ড গ্রন্থাগার বিভাগ - ০১ টি<br>নিয়োগের ধরন: এডহক/চুক্তিভিত্তিক<br>বেতন: আলোচনা সাপেক্ষে | প্রার্থীর অবশ্যই প্রভাষক পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতাসহ স্বীকৃত কোনো পাবলিক অথবা মান সম্পন্ন প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে প্রভাষক পদে অন্তত পাঁচ বছরের চাকুরির অভিজ্ঞতা এবং কোনো স্বীকৃত জার্নালে চারটি প্রকাশনা থাকতে হবে। প্রার্থীর এমফিল ডিগ্রি থাকলে অন্তত দুটি প্রকাশনা এবং স্বীকৃত ও মানসম্পন্ন বিশ্ববিদ্যালয়ে দুবছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। পিএইচডি ডিগ্রি, একটি প্রকাশনা এবং স্বীকৃত ও মানসম্পন্ন বিশ্ববিদ্যালয়ে ০১ (এক) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকলে সহকারী অধ্যাপক পদে সরাসরি নিয়োগ দেওয়া যেতে পারে। উল্লেখ্য, শিক্ষকতার ক্ষেত্রে অনলাইন ও ডিসট্যান্স মোড, প্রফেশনাল, উইকএন্ড ও ইভিনিং প্রোগ্রামের ডিগ্রি গ্রহনযোগ্য নয়। |
| ০৩. | **সহযোগী অধ্যাপক - ০৫ (পাঁচ) টি**<br>আইন বিভাগ - ০১ টি<br>ব্যবসায় প্রশাসন বিভাগ - ০১ টি<br>ইংরেজি বিভাগ - ০১ টি<br>সিএসসি বিভাগ - ০১ টি<br>ইইই বিভাগ - ০১ টি<br>নিয়োগের ধরন: এডহক/চুক্তিভিত্তিক<br>বেতন: আলোচনা সাপেক্ষে | প্রার্থীর অবশ্যই প্রভাষক পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতাসহ স্বীকৃত কোনো পাবলিক অথবা মান সম্পন্ন প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক পদে অন্তত পাঁচ বছরের চাকুরির অভিজ্ঞতা এবং কোনো স্বীকৃত জার্নালে কমপক্ষে নয়টি প্রকাশনা থাকতে হবে যার মধ্যে সহকারী অধ্যাপক পর্যায়ে অন্তত চারটি প্রকাশনা থাকতে হবে। সহযোগী অধ্যাপক পদপ্রার্থীর অবশ্যই এমফিল ডিগ্রি থাকতে হবে। অন্যান্য যোগ্যতা একইরূপ হলে পিএইচডি ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হবে। |

| | | |
|---|---|---|
| ০৪. | অধ্যাপক - ০৩ (তিন) টি<br>আইন বিভাগ - ০১ টি<br>ব্যবসায় প্রশাসন বিভাগ - ০১ টি<br>ইংরেজি বিভাগ - ০১ টি<br>নিয়োগের ধরন: এডহক/চুক্তিভিত্তিক<br>বেতন: আলোচনা সাপেক্ষে | প্রার্থীর অবশ্যই প্রভাষক পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতাসহ স্বীকৃত কোনো পাবলিক অথবা মান সম্পন্ন প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে সহযোগী অধ্যাপক পদে অন্তত ছয় বছরের চাকুরির অভিজ্ঞতা এবং কোনো স্বীকৃত জার্নালে ষোলটি প্রকাশনা থাকতে হবে যার মধ্যে সহযোগী অধ্যাপক পর্যায়ে অন্তত সাতটি প্রকাশনা থাকতে হবে। প্রার্থীর অবশ্যই পিএইচডি ডিগ্রি থাকা বাঞ্চনীয়। |

শর্তাবলী:

| | |
|---|---|
| (ক) | প্রার্থীকে সরাসরি বা ডাকযোগে আবেদন করতে হবে এবং আবেদনের সাথে হালনাগাতকৃত পূর্ণ জীবন বৃত্তান্তসহ প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে- (১) শিক্ষাগত যোগ্যতার সনদ ও নম্বরপত্র এবং প্রশিক্ষণ ও অভিজ্ঞতা (যদি থাকে) সংক্রান্ত সনদের ছায়ালিপি; (২) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ কপি রঙিন ছবি; (৩) অনলাইনে সম্পন্নকৃত জন্মসনদ/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়ালিপি। |
| (খ) | বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হইতে প্রাপ্ত ডিগ্রির ক্ষেত্রে ডিগ্রি সমমান নির্ধারণী পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। |
| (গ) | চাকুরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করতে হবে। |
| (ঘ) | লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের ক্ষেত্রে কোন প্রকার টিএ ও ডিএ প্রদান করা হবেনা। |
| (ঙ) | ত্রুটিপূর্ণ, অসম্পূর্ন, ভুল তথ্য সংবলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গন্য হবে। আবেদনপত্র গ্রহন অথবা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে। |
| (চ) | আবেদনকালে প্রার্থীর আবেদনপত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার যে তথ্য দেয়া হবে চাকুরিতে যোগদানের পর পূর্বে অর্জিত এর অতিরিক্ত কোন যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ গ্রহন করা হবেনা। |
| (ছ) | আবেদনপত্রের সাথে রেজিস্ট্রার, গ্লোবাল ইউনিভার্সিটি বাংলাদেশ, বরিশাল বরাবর এবি ব্যাংক পিএলসি, বরিশাল শাখার অনুকূলে ২০০০/- টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে। |
| (জ) | প্রত্যেক প্রার্থীকে খামের উপর পদের নাম ও বিভাগ স্পষ্ট করে লিখতে হবে। |
| (ঝ) | বীর মুক্তিযোদ্ধা, শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রনালয়ের সংশ্লিষ্ঠ কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সনদের সত্যায়িত কপি আবেদনের সহিত সংযুক্ত করতে হবে। এই বিজ্ঞপ্তির নিয়োগ কার্যক্রমে কোটা সম্পর্কিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে। |
| (ঞ) | বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই বিজ্ঞপ্তি কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল ও সংশোধন করার সক্ষমতা রাখে। |
| (ট) | **প্রার্থীকে আগামী ০৫/০২/২০২৬ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর আবেদনপত্র প্রেরণ করতে হবে।** |

রেজিস্ট্রার
গ্লোবাল ইউনিভার্সিটি বাংলাদেশ
বরিশাল